

# ২০২৪ সালের এসএসসি ফেব্রুয়ারিতে, এইচএসসি জুনে

অনলাইন  
ডেক্স

০৫  
সেপ্টেম্বর,  
২০২৩  
০৯:১২

শেয়ার

অ +



ফাইল ছবি

অ -

আগামী ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষা এবং এইচএসসি ও

সমমানের পরীক্ষার পাঠ্যসূচি ও সময়সূচি প্রকাশ করেছে বাংলাদেশ

আন্তঃশিক্ষা বোর্ড সমষ্টি কমিটি। এসএসসি ও সমমান পরীক্ষা পূর্ণাঙ্গ

পাঠ্যসূচিতে হবে ফেব্রুয়ারিতে এবং এইচএসসি ও সমমান পরীক্ষা পূর্ণাঙ্গ

পাঠ্যসূচিতে হবে জুন মাসে।

গতকাল সোমবার (০৪ সেপ্টেম্বর) বাংলাদেশ আন্ত শিক্ষা বোর্ড সমষ্টি

কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার

সরকার স্বাক্ষরিত পৃথক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে বলা হয়, ২০২৪

সালের এসএসসি ও সমমান পরীক্ষার সকল নিয়মিত, অনিয়মিত ও

মানোন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষা পূর্ণাঙ্গ পাঠ্যসূচিতে ফেব্রুয়ারি মাসের দ্বিতীয়

সপ্তাহে অনুষ্ঠিত হবে।

এছাড়া, এইচএসসি ও সমমানের পরীক্ষার সকল নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষা ২০২৩ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে জুন মাসের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে।

করোনা মহামারির কারণে দুই বছর থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। ২০২৩ সালের পরীক্ষা গত ৩০ এপ্রিল থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষা মে মাসে শেষ হয়। আর এইচএসসি পরীক্ষা গত ১৭ আগস্ট থেকে শুরু হয়েছে।

আগামী বছরে এইচএসসি ও সমমানের পরীক্ষা এপ্রিল মাসে এবং এসএসসি ও সমমানের পরীক্ষা ফেব্রুয়ারিতে নেওয়ার চেষ্টা থাকবে বলে জানিয়ে আসছিলেন শিক্ষামন্ত্রী দীপু মনি।